

### জলঢাকায় ১৭ শিক্ষককে কারণ দর্শানোর নোটিস

স্টাফ রিপোর্টার, নীলফামারী। নিজ নিজ বিদ্যালয়ের কর্মস্থলে অনুপস্থিত থানায় জলঢাকার উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১৭ জন শিক্ষককে কারণ দর্শানোর নোটিস ও একদিনের বেতন কর্তনের নির্দেশ প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার রাশেদুল হক প্রধান শনিবার সকাল হতে দুপুর পর্যন্ত ৫টি শিক্ষা প্রতিষ্ঠান আকস্মিক পরিদর্শন করেন। এ সময় টেংগনমারী বহুমুখী উচ্চ বিদ্যালয়ে ৫ জন, দক্ষিণ দেশীবাই উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ ৯ জন, পাঠানপাড়া এমইউ আলীম মাদ্রাসায় ১ জন, কালকেউট সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১ জন ও দক্ষিণ দেশীবাই মতিন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১ জন। এছাড়া বৃহস্পতিবার জলঢাকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে ১০ জন অনুপস্থিত পান। পরে নিজ কার্যালয়ে ফিরে উক্ত দফতর প্রধানদের ডেকে প্রয়োজনীয় ব্যবস্থা হিসেবে কারণ দর্শানো নোটিসসহ ১ দিনের বেতন কর্তনের নির্দেশ দেন।